মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ এক নারী গ্রেফতার

৫ গ্রাম হেরোইনসহ কুলসুম খাতুন (৩৫) নামের এক নারীকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।
আটক কুলসুম খাতুন সদর উপজেলার সীমান্তবর্তি বাজিতপুর গ্রামের হাফিজুল ইসলামের স্ত্রী।
মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) আলামিন হোসেনের নেতৃত্বে পুলিশের একটি টিম রবিবার দিবাগত রাত ৮ টার দিকে যাদবপুর গোরস্থানের পাশে অভিযান চালিয়ে তাকে আটক করেন।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকতার্ (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।
ওসি রফিকুল ইসলাম জানান, আটক কুলসুমের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামরা দায়ের করা হয়েছে।
আজ সোমবার (২১ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর সীমান্তে বিজিবির অভিযানে ২ গ্রাম হেরোইনসহ বকুল হোসেন (২৫) নামের এক মাদক ব্যবসায়ী আটক হয়েছে।
আটক বকুল হোসেন মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তি ঝাঁঝাঁ গ্রামের আবুল শেখের ছেলে।
আজ শুক্রবার (১১ নভেম্বর) বিকাল ৪ টার দিকে বাজিতপুর বিওপি কমান্ডার হাবিলদার শাহিনের নেতৃত্বে বিজিবির একটি টহল দল গোপন সংবাদে অভিযান চালিয়ে হেরোইনসহ বকুলকে আটক করেন।
বাজিতপুর বিওপি কমান্ডার হাবিলদার শাহিন বলেন, মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্ত্বিতে ঝাঁঝাঁ গ্রামে অভিযান চালানো হয়। মাদক ব্যবসায়ী বকুল সেখান দিয়ে যাওয়ার বিজিবি সদস্যরা তাকে চ্যালেঞ্জ

করেন। পরে তার শরীর থেকে হেরোইন উদ্ধার হয়।
এঘটনায় বিজিবির পক্ষ থেকে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আসামি সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে গাঁজা ও হেরোইনসহ দুই মাদক কারবারী গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ পৃথক দুটি অভিযান চালিয়ে এক গ্রাম হেরোইন ও ১০০ গ্রাম গাঁজাসহ ২ মাদক ব্যবসায়ী আটক করেছে।

আটকরা হলেন, মেহেরপুর শহরের বোশপাড়া এলাকার সামসুল আলমের ছেলে সোলাইমান হোসেন (২৬) ও গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের নজরুল ইসলামের ছেলে আলমগীর হোসেন (৩২)।

রবিবার দিবাগত রাত আনুমানিক ১২ টার দিকে সদর থানা পুলিশের একটি টিম মেহেরপুর শহরের বোশপাড়া এলাকায় সোলাইমান হোসেনের বাড়িতে অভিযান চালিয়ে ১ গ্রাম হেরোইনসহ গ্রেফতার করে থানায় নেন। অপরদিকে গাংনী থানা পুলিশের একটি টিম চেংগাড়া গ্রামের নজরুল ইসলামের বাড়িতে অভিযান চালিয়ে তার ছেলে আলমগীর হোসেনকে আটক করে। আলমগীর হোসেন পেশায় একজন রং মিস্ত্রি বলে জানান পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

হেরোইন ও গাঁজা উদ্ধারের ঘটনায় সদর ও গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক দুটি মামলা দিয়ে আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

২ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী হায়াত আলী (৩৫) কে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) একটি টিম।

আটক হায়াত আলী মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা গ্রামের হিসাব আলীর ছেলে।
শুক্রবার দুপুরে ডিবি পুলিশের পরিদর্শক রত্নেশ্বর মন্ডলের নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকার এসআই শাহিনুর রহমান এসআই হেলাল সঙ্গীয় ফোর্স সহ মেহেরপুর বুড়িপোতা সড়কে মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করেন।

ডিবি পুলিশের পরিদর্শক রত্নেশ্বর মন্ডল বলেন মেহেরপুর-বুড়িপোতা রাস্তায় মোদক পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অবস্থান নেয়া হয়। এসময় ইজিবাইকে মাদক ব্যবসায়ী হায়াত আলী যাচ্ছিল। এসময় ওই ইজিবাইকটি তল্লাশী করার সময় সে পালানোর চেষ্টা করে। এসময় তাকে আটক করা হয়।

হেরোইন উদ্ধারের ঘটনায় ডিবি পুলিশ বাদী হয়ে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে থানায় সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে ৫ গ্রাম হেরোইনসহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে মাদকবিরোধী অভিযানে পাঁচ গ্রাম হেরোইন সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

মুজিবনগর থানাধীন আনন্দবাস গ্রামস্থ মুড়োতলা মাঠ এলাকা থেকে হেরোইন বিক্রয়ের উদ্দেশ্যে কিছু মাদক ব্যবসায়ী অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার রাত সাড়ে ৯ টার দিকে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল এর নেতৃত্বে এসআই

প্রহলাদ রায়, এস আই সাহেব আলী, এএসআই শিহাব, এএসআই আলী শেখ সঙ্গীয় ফোর্সের সহায়তায় মুজিবনগর থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে গ্রাম ৫ গ্রাস হেরোইন সহ আনন্দবাস গ্রামের আনারুল ইসলামের ছেলে সুমন মিয়া এবং চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার গতিয়ার পাড়া গ্রামের হেকমত আলীর ছেলে আব্বাস আলী কে আটক করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান মুজিবনগর উপজেলা কে মাদকমুক্ত করতে মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়েছে শুক্রবার তাদের নামে ৫/১১০ তাং১৬/১০/২২ধারা এবং ২০১৮ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ৮(ক) মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে। এছাড়া ওয়ারেন্ট ভুক্ত আসামিকেও আটক করা হয়েছে।

মুজিবনগরে ৫ গ্রাম হেরোইন সহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে মাদকবিরোধী অভিযানে পাঁচ গ্রাম হেরোইন সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

মোনাখালী দক্ষিণ পাড়ার খেলার মাঠে মাদক বিক্রির উদ্দেশ্যে কিছু মাদক ব্যবসায়ী অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেলের নির্দেশে, শনিবার রাত সাড়ে দশটার দিকে মুজিবনগর থানার এসআই সুভাস কুমার রায়, এস আই বিপ্লব কুমার হালদার, এএস আই মোঃ আব্দুল আলিম এবং এএসআই শিহাব উদ্দিনসহ সংগীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে মোনাখালী গ্রামের দক্ষিণ পাড়ার মৃত মোনাজাত আলীর ছেলে বুলবুল(৩৫) এবং দারিয়াপুর ইউনিয়নের বিদ্যাধরপুর গ্রামের কুঠিপাড়ার শুকুর আলীর ছেলে সাইফুল ইসলামকে (২৩) ৫ গ্রাম হেরোইন সহ হাতেনাতে আটক করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান মুজিবনগর উপজেলা কে মাদকমুক্ত করতে মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়েছে রবিবার তাদের নামে ৫/১১০ তাং১৬/১০/২২ধারা এবং ২০১৮ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১)

সারণির ৮(ক) মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর শহরে হেরোইনসহ মাদক কারবারী আটক

মেহেরপুর শহরে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী অভিযান ১৫ পুরিয়া হেরোইনসহ শাহিন আলী নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

আটক শাহিন আলী মেহেরপুর শহরের চক্র পাড়া আবুল কাশেমের ছেলে। শনিবার (১৫ অক্টোবর) বিকালের দিকে মেহেরপুর বাস টার্মিনাল থেকে শাহিন আলীকে আটক করা হয়।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম তাকে আটক করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ (সংশোধনী/২০২০) সনের ৩৬(১)সারণির ৮ (ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে।

আটক শাহিন আলী কে আদলেতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে হেরোইনসহ যুবক

গ্রেফতার

৩ গ্রাম হেরোইনসহ রাজু আহম্মেদ (২৮) নামের এক যুবককে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আজ মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) বেলা ১২টার দিকে সদর উপজেলার চাঁদবীল গ্রামের আনকমন কপি হাউজের সামনে থেকে গোপন সংবাদের ভিত্তিত্বে খবর পেয়ে পুলিশের টিমটি তাকে আটক করেন।

আটক রাজু আহম্মেদ সদর উপজেলার চাঁদবীল গ্রামের মৃতু সিরাজুল ইসলামের ছেলে।

সদর থানার উপপরিদর্শক (এসআই) সুমন আলী সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করেন। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

এসআই সুমন আলী জানান, আনকমন কপি হাউজের সামনে হেরোইন বেচা কেনা হচ্ছে এমন সংবাদের সেখানে অভিযান চালানো হয়। এসময় রাজু আহম্মেদকে আটক করে তার কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়েছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আটক রাজু আহম্মেদকে আদালতে প্রেরণ করার প্রস্তুতি চলছে।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর সদর থানার রামদাসপুর পুলিশ ক্যাম্পের মাদক উদ্ধার অভিযানে ১ গ্রাম হেরোইনসহ মোঃ সোহাগ হোসেন ওরফে সেতু (২৭) কে আটক করেছে।

আটক সোহাগ মেহেরপুর সদর থানার তেরঘরিয়া গ্রামের বিলপাড়া এলাকার মৃতু নুর মহাম্মদ শেষের ছেলে।

রামদাসপুর পুলিশ ক্যাম্পের এসআই(নিঃ) মোঃ তৌহিদুল ইসলামের নেতৃত্বে পুলিশের ক্যাম্পের একটি টিম শুক্রবার দিবাগত রাতে রামদাসপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছে থেকে ১ গ্রাম হেরোইন জব্দ করা হয়।

আসামীর বিরুদ্ধে ৩৬(১) সারণির ৮(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮; ধারায় মেহেরপুর সদর থানার একটি মামলা হয়েছে। মামলা নং-৩৫।

আজ শনিবার (২৭ আগষ্ট) আটককে বিচারের নিমিত্তে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৭

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৭ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল বৃহস্পতিবার থেকে আজ শুক্রবার (১৯ আগষ্ট) ভোররাত পর্যন্ত এ অভিযান চালান মেহেরপুর পুলিশ।

গ্রেফতারকৃতদের মধ্যে সিআর মামলায় ১ বছরের সাজাপ্রাপ্তসহ আদালতের পরোয়ানাভূক্ত ৩ জন। জিআর মামলায় সাজাপ্রাপ্তসহ আদালতের পরোয়ানাভূক্ত ২ জন। মাদকের অভিযোগে পুলিশের দায়ের করা নিয়মিত মামলার ২ আসামি রয়েছেন। মেহেরপুর পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত আসামিদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর সাজাপ্রাপ্ত ১, সিআর সাজাপ্রাপ্ত ১ ও সাধারণ সিআর মামলায় ১ জন। সদর থানা পুলিশের অভিযানে জিআর মামলায় ১, সিআর মামলায় ১ জন। এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে মাদক আইনে দায়ের হওয়া নিয়মিত মামলার ২ আসামি রয়েছে।

এদিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মুজিবনগর থানায় থানায় ২ টি। এবং সদর ও গাংনী থানায় অন্যান্য আইনে একটি করে মোট ৪ টি মামলা

এফআইআরভুক্ত করা হয়েছে। এসময় মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ গ্রাম হেরোইন ও ২ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে।

পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এসব গ্রেফতার অভিযানে অংশ নেন।

আজ শুক্রবার (১৯ আগষ্ট) গ্রেফতারকৃতদের আদালতোর মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।